এবার আরও কম দামে

ইলেকট্রনিকস্ এর

সকল রকম মডেলের ট্রানজিষ্টার রেডিও

১ ব্যাণ্ড মিডিয়াম ১৫০.০০

৩ „ অলওয়েভ ২২৫.০০

কর স্বতন্ত্র

এজেন্সির জন্য আবেদন করুন

SOUND & ELECTRONIC

58-B, Amherst St. Cal-9

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই আষাঢ় বুধবার, ১৩৭৩ ইং 22nd June 1966 { ৬ষ্ঠ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

গুণগত উৎকর্ষতা ও বিপুলতা আমাদের।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

স্থলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই আষাঢ় বুধবার সন ১৩৭৩ সাল।

# প্রজার হিতে দেশের হিত

—০—

সকলেই একবাক্যে স্বীকার করিয়াছেন যে জমি বিন্যাস, ভাল বীজ, সার, শস্যকীটহনন, সেচ, চাষের জন্য উন্নতধরণের যন্ত্রপাতি, চাষীকে ঋণদান ও উৎপন্ন শস্যের ক্রয় ও বিক্রয়ের সুব্যবস্থা হইলেই ভারতের অন্ন সমস্যার সমাধান হয়। কিন্তু সাধারণ নগন্যলোক আমরা জিজ্ঞাসা করিতে চাই ইহাতে বিঘ্ন কোথায়?

খাদ্যশস্য উৎপাদনের অক্ষমতার জন্য জমি তথা ভারতমাতাকে দোষী না করিয়া যদি সরকারপক্ষ যোগ্যতার সঙ্গে কার্য্য সমাধা করিবার চেষ্টা করেন তবে পরমুখাপেক্ষী থাকিতে হয় না এবং দেশের লোককে ভারতবর্ষ চিরদিনই দুর্ভিক্ষপীড়িত এইরূপ বুঝাইবার জন্য প্রবঞ্চনার আশ্রয় গ্রহণ করিতে হয় না। আমরা পূর্ব্বেও জানিতাম এবং এখনও জানি এই ভারতভূমি সুজলা সুফলা শস্যশ্যামলা। বর্ত্তমানে যে অন্নকষ্ট দেখা দিয়াছে তাহার জন্য সরকার অন্যান্যের সহিত বরুণদেবকেও দায়ী করিয়াছেন। তাঁহারা বলিতেছেন যে গত বৎসর ভাল বৃষ্টি হয় নাই, সে কারণে ফসলও ভাল হয় নাই। কিন্তু বিশ্বখাদ্যসংস্থার কর্ম্মকর্ত্তাগণ বলিয়াছেন যে গত বৎসর যথেষ্ট ভাল ফসল হইয়াছিল এবং অনুমান করা যায় আগামী ফসলও ভাল হইবে। এই প্রসঙ্গে ইহা অবান্তর হইবে না যে বৃষ্টি হওয়া না হওয়া সম্পূর্ণ নির্ভর করে রাজা বা শাসককুলের সদসদ্ আচরণের উপর। ভারতীয় প্রাচীন শাস্ত্রের নিকট এই শিক্ষাই আমরা লাভ করিয়াছি। পুরাণে এরূপ অনেক কাহিনী আছে যে রাজ্যে অনাবৃষ্টি ও দুর্ভিক্ষের জন্য রাজা বা শাসককুলের অনাচার দায়ী। রাজা সৎপথে চালিত হইলে ইন্দ্র ও পর্জ্জন্যদেবতা সন্তুষ্টচিত্তে বারিবর্ষণ করেন। ইন্দ্র একের পর এক বৃষ্টিরূপ সম্পৎ ও অন্যান্য ধনদান করেন। সুতরাং শ্রদ্ধাশীল ও নম্র হইবার প্রয়োজন হইয়াছে সমগ্র শাসককুলের। প্রজাগণের প্রতি শ্রদ্ধা ও নম্রতাই তাহাদিগকে সুবুদ্ধি প্রদান করিবে। প্রজাগণের প্রীতি অর্জ্জন না করিলে এবং তাহাদের উত্তরোত্তর শ্রীবৃদ্ধির জন্য আন্তরিক ইচ্ছা না থাকিলে শাসককুল কখনই নিরুপদ্রব হয়েন না। পরিসংখ্যানের ধাপ্পাবাজী প্রজাগণকে স্থায়িভাবে সন্তুষ্ট রাখিতে সমর্থ হয় না—ইহা বুঝিতে হইবে। প্রজার মঙ্গলেই দেশের মঙ্গল, আর দেশের মঙ্গল নির্ভর করে শস্যপূর্ণা বসুন্ধরার উপর।

শস্য ভাল উৎপন্ন হইলে প্রজা ও শাসককুল নিরুপদ্রব হইবে।

---

## বহু ঘরে অভাব অরন্ধন

সুন্দরবনের বাদা অঞ্চলে গাঁয়ে গাঁয়ে—ঘরে ঘরে অভাব। সপ্তাহে দু-তিন দিন না খাওয়া অতি সাধারণ ঘটনা। দিনের পর দিন অরন্ধন চলছে এমন ঘর অসংখ্য। স্থানীয় নাম 'ক্ষীর' আসলে জলে গোলা আটা। তা-ই উপাদেয় খাদ্য। হাড়-জীর্ণ শিশুরা কাঁদছে। কিছু চিনি মেশালেও হয়ত খেতে পারত। কিন্তু চালই কেনার ক্ষমতা নেই ত চিনি!

অসংখ্য কর্ম্মহীন মানুষ। মহাকরণের ঢালাও টেষ্ট রিলিফের দাক্ষিণ্য এখনও বেশীর ভাগ অঞ্চলেই পৌঁছোয়নি। এদিকে বর্ষা শুরু হয়েছে। নদী ক্রমশঃ উত্তাল। বাঁধগুলি সম্বন্ধে অনেক অঞ্চলেই ভয়। হাটে বাজারে চাল অগ্নিমূল্য। সুন্দরবনের প্রবেশ দ্বার ক্যানিং টাউনে দর মণ প্রতি ৯০ টাকা উঠেছিল। এখন ৭৫—৮০-র মধ্যে উঠানামা করছে। ক্যানিং থেকে নদীপথে মাইল ত্রিশ দূর গোসবার হাটে চাল ৬৩—৬৫ টাকা মণ। গত বছর এই সময় দর ছিল ৩৭—৩৮।

পল্লী বাংলার নানা অঞ্চলে অন্নাভাব ও দুর্গতির চিহ্ন ক্রমশঃ প্রকট হয়ে উঠছে।

---

## স্বেচ্ছা-শ্রমে স্কুল-গৃহ

মালদহ জেলায় গাজোল সমষ্টি উন্নয়ন ব্লকের হাতিমারি গ্রামের প্রায় ৮০০ অধিবাসী (এঁদের মধ্যে বেশীর ভাগই আদিবাসী) শ্রমদান করে নিজেদের গ্রামে একটী কাঁচা স্কুল বাড়ী নির্মাণ করেছেন।

হাতিমারি এবং আশপাশের গ্রামের লোকেরা তাঁদের ছেলেমেয়েদের জন্য একটি জুনিয়র হাই স্কুল খোলার ঠিক করেন। তাঁহারা সরকারের অপেক্ষায় না থেকে নিজেরাই কাজে হাত দেন। একজন গ্রামবাসী জমি দান করেন এবং প্রায় ৮০০ লোক স্বেচ্ছা-শ্রমের দ্বারা বাড়ী তৈরী করতে এগিয়ে আসেন। বাড়ী তৈরীর মালমসলাও দানস্বরূপ পাওয়া যায়। খুচরো পয়সায় চাঁদার টাকা ওঠে। স্কুলটি কাজ সুরু করে দিয়েছে। এখন গ্রামবাসীরা কর্ত্তৃপক্ষের কাছে ঐ স্কুলের অনুমোদনের জন্য আবেদন জানিয়েছেন।

---

## পিপাসায় মৃত্যু

দারুণ গ্রীষ্মে তৃষ্ণার জল না পেয়ে তিন ব্যক্তির মৃত্যুর খবর পাওয়া গিয়েছে।

সিনেমার বিজ্ঞাপন বিলি করার জন্য দুইজন লোক গ্রামাঞ্চলে যায়। দুপুরে ফিরিবার সময় এক মাঠের মধ্যে তাদের একজন তৃষ্ণায় কাতর হয়ে পড়ে, অন্য জন জলের জন্য গ্রামের দিকে যায়। জল নিয়ে ফিরে এসে দেখে তার সঙ্গীটী মারা গিয়েছে।

বীরভূম ভদ্রপুরের এক বৃদ্ধা তার কন্যার বাড়ী সাগরদীঘি থানার এলাকায় হড়হড়ি গ্রামে আসবার সময় তৃষ্ণায় কাতর হ'য়ে পথিমধ্যে মারা গিয়েছে।

হারোয়া গ্রামের পার্শ্ববর্ত্তী বিস্তীর্ণ মাঠে জমিতে লাঙ্গল দিবার সময় পিপাসায় কাতর হয়ে ধানুক জাতীয় এক কৃষকের মৃত্যু হ'য়েছে বলে প্রকাশ।

তক্ষক গ্রামের এক ব্যক্তি পিপাসায় কাতর হয়ে বিলের ধারে অজ্ঞান হয়ে পড়ে। গ্রামের লোক খবর পেয়ে সময়মত তদ্বির করায় লোকটী বেঁচে গিয়েছে।

---

## বিজ্ঞপ্তির প্রতিবাদ

জঙ্গিপুর সংবাদ পত্রের সম্পাদক মহাশয়
সমীপেষু—

আপনার ২৭শে বৈশাখ ১৩৭৩ সালের জঙ্গিপুর সংবাদ পত্রিকায় শ্রীক্ষুদিরাম সাহা সাং পঞ্চহর বীরভূম যে বিজ্ঞপ্তি দিয়াছেন তাহার প্রতিবাদ স্বরূপ এই প্রতিবাদ মুদ্রিত করতঃ সর্ব্বসাধারণ যাহাতে বিভ্রান্ত না হয়েন তজ্জন্য আপনার প্রশংসিত পত্রে স্থান পাইলে সুখী হইব।

শ্রীক্ষুদিরাম সাহা সভাপতি অঞ্চল প্রধান সাং পঞ্চহর বীরভূম ৪।৫।৬৬ তারিখে তাঁহার সভাপতিত্বে যে শ্রীশ্রী৺শ্যামসুন্দর ঠাকুরের মহান্ত নির্ব্বাচন করা প্রকাশ করিয়াছিলেন তাহা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের চক্রান্ত মাত্র এবং বহুলাংশ জাল ও মিথ্যা স্বাক্ষর দ্বারা লিখিত আছে। আমি পরলোকগত মহান্ত রাধাবল্লভ দেব শর্ম্মার মন্ত্রশিষ্য এবং তিনি জীবমানে আমাকে উক্ত প্রশংসিত বিগ্রহের মহান্ত ও সেবাইত নিযুক্ত করতঃ তাঁহার নিদর্শন স্বরূপ রেজেষ্ট্রী সেবাইত নিযুক্ত জন্য ১৩৭২। ১৩ই ফাল্গুন তারিখে সেবাইতনামা সম্পাদন করেন। এবং আমি উক্ত বিগ্রহের বর্ত্তমান নিয়োজিত মহান্ত ও সেবাইত হইতেছি। উক্ত আখড়া বা ষ্টেট absolute দেবোত্তর নহে। উক্ত আখড়ায় আবহমান কাল হইতে পূর্ব্ব মহান্ত নির্ব্বাচন করার রীতি প্রচলিত আছে এবং উক্ত রীতি বা custom অনুযায়ী আমি পূর্ব্ববর্ত্তী অধিষ্ঠিত মহান্ত মহারাজ দ্বারা নিয়োজিত ও নির্ব্বাচিত মহান্ত ও সেবাইত হইতেছি। এবং ঠাকুরের কার্য্যাদি পরিচালনা করিতেছি। সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে ইহা জানাইলাম। ইতি সন ১৩৭৩। ২৯শে জ্যৈষ্ঠ ইং ১২-৬-৬৬ বিনীত—

শ্রীরামচন্দ্র দেবশর্ম্মা মহান্ত
শ্রীশ্রী৺শ্যামসুন্দর দেব ঠাকুর, প্রাইভেট
দেব ষ্টেট, হিলোড়া, মুর্শিদাবাদ।

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

৩২১। ৬৫ অন্য

বাদী—সুলতান মণ্ডল সাং দিয়াড় বালাগাছি থানা সাগরদীঘি

বিবাদী—আকিমন বিবি দিং সাং দিয়াড়-বালাগাছি থানা সাগরদীঘি

সাগরদীঘি থানার অন্তর্গত চড় ললিতাকুড়ি মৌজায় রিভিশনাল সেঃ মেঃ ১৮২নং খতিয়ান ভুক্ত ৩৬৪, ৩৬৫ ও ৩৬৬নং দাগের মোট ৫০ শতক জমিতে দিয়াড় বালাগাছি সাকিমের সুলতান মণ্ডল তাহার স্বত্ব সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞার জারী হইবার প্রার্থনায় জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালতে ১৯৬৫ সনের ৩২১নং অন্য মোকর্দ্দমা করিয়াছে। উক্ত মোকর্দ্দমায় উক্ত সাকিমের বাহার মণ্ডলের পুত্র জাব্বার সেখ একজন বিবাদী আছে। উক্ত জাব্বার সেখের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল।

By Order
H. K. Roy
Sheristadar, Munsif's
2nd. Court, Jangipur.

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

৩২৯। ৬৫ অন্য

বাদী—আয়াতন বিবি স্বামী মৃত হাজি জয়নাল আবেদিন সাং নুরপুর থানা সুতি

বিবাদী—আসামুদ্দিন সেখ দিং

৮। রেজ্জাক সেখ ৯। সাজ্জাদ সেখ

সাং মোমিনটোলা থানা রঘুনাথগঞ্জ

উপরোক্ত বাদিনী আপনাদের বিরুদ্ধে অত্রাদালতে স্বত্ব থাকা সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞা প্রাপন জন্য মোকদ্দমা দায়ের করিয়াছেন, উক্ত মোকদ্দমায় আপনাদের কোন জবাব থাকিলে আগামী সন ১৯৬৬ সালের ১৫/৭ তারিখে জবাব দিবেন অন্যথায় আপনাদের বিরুদ্ধে একতরফা শুনানী হইবে।

অদ্য সন ১৯৬৬ সালের ১৬/৬ তারিখে আমার স্বাক্ষর ও মোহর যুক্তমতে দেওয়া গেল।

By Order of the Court
S. K. Sarkar
Sheristadar, Munsif's
1st. Court, Jangipur.

## সরকারী বিজ্ঞপ্তি

১৯৪০ সালের মোটর যান আইনের ৫৭নং নিয়মের উপনিয়ম (খ) এর সহিত পঠিত ১৯৩৯ সালের মোটর যান আইনের (১৯৩৯ সালের ৪নং আইন) ৫৭ ধারা অনুযায়ী সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ, বিজ্ঞাপিত করিতেছেন যে নিম্নলিখিত বাসরুটগুলির প্রত্যেকটিতে একটি করিয়া স্থায়ী পারমিট প্রদানের জন্য কিছু সংখ্যক দরখাস্ত তাঁহার অফিসে গৃহীত হইয়াছে। রুটের নাম ও প্রাপ্ত দরখাস্তের সংখ্যা যথাক্রমে নিম্নরূপ : (১) বহরমপুর—বৈষ্ণবপাড়া ঘাট (প্রত্যহ উভয় দিকে এক ট্রিপ), ১৯; (২) বহরমপুর—পিরোজপুর ঘাট (প্রত্যহ উভয় দিকে এক ট্রিপ), ৯। নাম ও ঠিকানা সহ দরখাস্তকারীগণের তালিকা ১০-৬-৬৬ তারিখ হইতে পরিদর্শনের জন্য মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার অফিসের নোটিশ বোর্ডে টাঙাইয়া রাখা হইয়াছে। এই ব্যাপারে আর্জিসমূহ (যদি কিছু থাকে) উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ২২শে জুলাই পর্য্যন্ত বিবেচনার জন্য গৃহীত হইবে। উল্লিখিত দরখাস্তসমূহ এবং আর্জিগুলি (যদি পাওয়া যায়) মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের চেয়ারম্যানের অফিসে ২২-৭-৬৬ তারিখের পরে অনুষ্ঠিত সভায় মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক বিবেচিত হইবে। সভার প্রকৃত তারিখ যথাসময়ে জানানো হইবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১১ই জুলাই, ১৯৬৬

১৯৬৪ সালের ডিক্রীজারী

১৭ মনি ডিঃ লছমনদাস দমানী দেং মণীন্দ্রনাথ সরকার দাবি ১৮১৬'৪ পয়সা থানা সাগরদীঘি মৌজে নাচনা ৭৫ শতক জমি আঃ ৫০০৲ খং ১৫ স্বত্ব রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৪৩ শতক জমি আঃ ২৫০৲ খং ৪০ ঐ স্বত্ব

১৯৬৫ সালের ডিক্রীজারী

১২ মনি ডিঃ সত্যেন্দ্রনাথ দাস দিং দেং কালি-কিঙ্কর দাস দিং দাবি ৪৯'৮১ পয়সা থানা সুতি মৌজে হারোয়া ৬০ শতক জমি খং ৩১৬

২৪ স্বত্ব ডিঃ ইসমাইল বিশ্বাস দিং দেং ইমাজুদ্দিন মোমিন দিং দাবি ৩৪৩'৪১ পয়সা থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ৪৩ শতকের কাত ২।৵০ খং ৪৫১





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন : ৫৫-৪৩৬৬ |

---

# দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)